## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৴০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

### সাপ্তাহিক সংবাদ-পত্র


হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।

**চক্রবর্ত্তী সাইকেল ষ্টোর**

সাইকেল, টায়ার, টিউব, হ্যাসাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস বিক্রেতা ও মেরামতকারক। নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।

রঘুনাথগঞ্জ মেছুয়াবাজার (কদমতলা)



৪১শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৪শে কার্ত্তিক বুধবার ১৩৬১ ইংরাজী 10th Nov. 1954 | ২৬শ সংখ্যা






ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ১৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Service

**অগ্রগতির পথে নূতন পদক্ষেপ**

হিন্দুস্থান তাহার যাত্রাপথে প্রতি বৎসর নূতন নূতন সাফল্য, শক্তি ও সমৃদ্ধির গৌরবে দ্রুত অগ্রসর হইয়া চলিয়াছে।

নূতন বীমা (১৯৫৩)

**১৮ কোটি ৮৯ লক্ষের উপর**

হিন্দুস্থানের উপর জনসাধারণের অবিচলিত আস্থার উজ্জ্বল নিদর্শন।

ভারতীয় জীবন বীমার ক্ষেত্রে

পূর্ব্ব বৎসর অপেক্ষা **২ কোটি ৪২ লক্ষ বৃদ্ধি**

সমসাময়িক তুলনায় সর্ব্বাধিক

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,

হিন্দুস্থান বিল্ডিংস, কলিকাতা—১৩

শাখা অফিস ঃ ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৪শে কার্ত্তিক বুধবার সন ১৩৬১ সাল।

# মুর্শিদাবাদ জেলার শান্তি-রক্ষক

—•—

বহুদিন পর মুর্শিদাবাদ জেলা একজন শান্তি-রক্ষার প্রবৃত্তিসম্পন্ন পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্ট (পুলিশ সাহেব) পাইয়াছে। ইহার নাম শ্রীতারকনাথ বন্দ্যোপাধ্যায়। ইনি পুলিশের জেলার বড় কর্ত্তা—পুলিশ সাহেব হইতে আরম্ভ করিয়া সামান্য কনষ্টেবলের কার্য্যের অভিজ্ঞতা অর্জ্জন করিয়াছেন। পুলিশের কার্য্যে বাহাল হইবার পূর্ব্বে প্রত্যেককে ট্রেনিং ইস্কুলে শিক্ষালাভ করিয়া পরীক্ষা দিয়া পাশ করিলে, তবে চাকরীতে পাকা হইবার অধিকার প্রদত্ত হয়। পুলিশ ট্রেনিং বিদ্যালয়ে "ক্রিমিনোলজী" (অপরাধ-তত্ত্ব) বলিয়া একটি বিষয় শিক্ষা দেওয়া হয়। তাহাতে দেশের যত অপরাধকারী সম্প্রদায় আছে, তাহাদের বিবরণ ও তাহাদের অপরাধ করিবার প্রণালী কি, তাহা শিক্ষা দেওয়া হয়। এই সব অপরাধকারীরা জীবিকানির্ব্বাহের জন্য বংশানুক্রমে একই জাতীয় অপরাধ করিয়া থাকে। ইহাদের বৃত্তিই হইল অসাধুবৃত্তি। এই সব বংশীয় লোকদের ইংরাজীতে বলা হয় "ক্রিমিন্যাল ট্রাইব" (দুর্বৃত্ত জাতি) কর্ম্মপদ্ধতির ইংরাজী প্রতিশব্দ—"মোডাস্ অপারেণ্ডি"। আমাদের বর্ত্তমান পুলিশ সাহেব স্ববিভাগীয় উর্দ্ধতন ও নিম্নস্থ কর্ম্মচারিগণের "মোডাস্ অপারেণ্ডি" খুব আগ্রহের সহিত লক্ষ্য করিবার সুযোগ পাইয়া যে অভিজ্ঞতা অর্জ্জন করিয়াছেন, তাহার দ্বারা সাধারণের অসুবিধা দূর করিবার পন্থা অবলম্বন করিয়া পুলিশকে সাধারণের সেবকে পরিণত করার প্রয়াস আরম্ভ করিয়াছেন। কোন কোন থানায় ডায়েরী এজাহার বা কোন বিষয়ের প্রতিকার প্রার্থনা করিতে গেলে এবেলা ওবেলা অপেক্ষা করিতে হয়। থানায় গিয়া কাজ শেষ করিয়া সত্বর ফিরিবার উপায় থাকে না। হয়তো যে বাবুর হাতের কাজ সে বাবুর অনুপস্থিতিব জন্য স্নান আহার বন্ধ করিয়া তাঁহার আগমন প্রতীক্ষা করিতে সারাদিন অনাহারেই কাটাইতে হইল। মুর্শিদাবাদ জেলার বর্ত্তমান পুলিশ সাহেব সাধারণের সুবিধার্থে বহরমপুর কোতোয়ালী থানায় এক নূতন ব্যবস্থা প্রবর্ত্তন করিয়াছেন। থানাতে যাঁহারা ডায়েরী এজাহার বা অন্য কোন কার্য্যে যাইবেন, তাঁহাদের সকলকে একখানি খাতায় আসার সময় ও যাওয়ার সময়, নাম ঠিকানাসহ লিখিয়া রাখিয়া যাইতে বলা হইয়াছে। সহরের রাস্তায় যে পুলিশ-বক্স আছে, সেখানে এবং ফাঁড়ীতেও এই ব্যবস্থা করা হইয়াছে। পুলিশ সাহেব এই বিষয়ে জনসাধারণের সহানুভূতি প্রার্থনা করিয়াছেন। আমরা তাঁহার কর্ম্মপদ্ধতি শুনিয়া বলিতেছি—ব্যানার্জি সাহেবের জয় হউক।

## ইংরাজ রাজত্বে
## শ্বেতাঙ্গ পুলিশ সাহেবের বিচার

(শরৎ পণ্ডিতের ব্যক্তিগত অভিজ্ঞতা)

এক জেলা সহরে পুলিশের কো-অপারেশন মিটিং। সে আমলে মিটিঙে আলোচনা, সিদ্ধান্ত যাই হোক 'ইটিঙ্' (ভোজন) অনির্ব্বচনীয়। বহু ইউনিয়ন হইতে প্রেসিডেণ্ট বাবুরা এই ব্যাপারে কে কত দিতে পারে তারই প্রতিযোগিতায় যেন অবতীর্ণ হইয়াছেন। মাছ, মাংস, দই, দুধ, মিষ্টির অদ্ভুত আয়োজন। লোক জনের অভাব নাই, সব গ্রাম্য চৌকিদারেরা ভূতের খাটুনি খাটছে। কেউ প্যাণ্ডালের সামিয়ানা খাটাচ্ছে, কেউ মাছ কুটছে, কেউ ছিন্নমুণ্ড পুং-ছাগের চর্ম্মোদ্ঘাটন করছে, কেউ দেবদারুর ডাল এনে সভাস্থল সাজাচ্ছে। যেন কোনও রাজার রাজধানীতে রাজপুত্র বা রাজকন্যার বিবাহোৎসব। চৌকীদাররা প্রত্যেকেই কেউ গামছায়, কেউ বা পাগড়ীতে মুড়ি বেঁধে এনেছে। তারা জানে খাবার যোগাড় তারা সব ক'রে দিবে, দিয়ে, বাবুদের দয়া হয় তো মানুষ পিছু ৵০ দু আনা না হয় তো ৴০ এক আনা পয়সা পাবে, নইলে শুধু মুখে ফিরতে হতে পারে। তাই তারা বাড়ী হ'তে মুড়ি বেঁধে এনেছে। সেবার সেন্সাস্-এর (লোক গণনার) বৎসর। গ্রামে গ্রামে গণনাকারীরা বাড়ী বাড়ী নম্বর দেয় আর চৌকীদারেরা নম্বর দেওয়ার দোয়াত—আলকাতরার ভাঁড় বহে।

পুলিশ সাহেব সভায় এলেন। তখনও মাংস ও পোলাও উনুনের উপর। সাহেব এসেই শরৎ পণ্ডিতকে দেখে বল্লেন— সুরু কর তোমার "কমিক স্কেচ্ (হাসির নক্সা) অব্ পোলিস্" এবার কিন্তু "টপ্ টু বটম্" নয় "বটম্ টু টপ"। চৌকিদার থেকে সুরু হউক। শরৎ পণ্ডিত মুখে মুখে **চৌকীদার এর গান** ধরলেন———

আহা মরি মরি, গ্রাম্য চৌকীদারী
এহেন নোকরি নাহিক সংসারে।
বদন ভ'রে এদের যে বলিবে শালা,
তাকেই এরা ভাবে নিজের উপর'য়ালা',
ধুয়ে দেয় তার এঁটো বাটি থালা,
মোট নিয়ে যায় গ্রামান্তরে।
মাইনে পায় এরা তিনটি মাস অন্তর,
অন্নাভাবে এদের দহে যে অন্তর,
উপর'য়ালা যাঁরা, মাসে মাইনে পান তাঁহারা
এদের বিষয় বিবেচনা নাহি করে।
গ্রামে মুনিব যত প্রেসিডেণ্ট পঞ্চাৎ,
কথায় কথায় এদের করায় কুপোকাৎ,
(তাদের) মেয়ের বাড়ীতে, তত্ত্ব হয় নে' যেতে,
বলে—রিপোর্ট ক'রে চাকরির দফা দিব সেরে।
দুখের কথা এদের বলবো কত আর,
সেন্সাসেতে বহে আলকাতরার ভাঁড়,
শালা বলে গিয়ে গ্রামে টিকাদার,
বলে—মরা জন্ম খাতা দেরে হাজির ক'রে।
মাথার উপর এই যে দেখছো সামিয়ানা,
বল্‌তে পার এটা কোন্ জীবেরই আনা,
কাদের দৌলতে বানা হচ্ছে খানা,
(কিন্তু) একটি দানা এদের পড়বে না উদরে।

গান শুনে পুলিশ সাহেব বলে উঠলেন—'ষ্ট্রং এলিগেশন এগেন্‌ষ্ট দি পোলিশ অফিসারস্' (পুলিশের বিরুদ্ধে শক্ত অভিযোগ), "লেট আস্ ফার্ষ্ট্ ফীড্ দি চৌকীদারস্" (প্রথমে চৌকীদারদের খাইয়ে দেওয়া যাক)। চৌকীদাররা সাহেবের হুকুমে তাদের আয়োজন করা খাদ্য সব নিঃশেষ করে দিল। সন্ধ্যার পর বাবুরা কেউ ডাল ভাত, কেউ লুচি খেয়ে শরৎ পণ্ডিতের ভাঁড়ামির প্রশংসা (?) করতে করতে স্বস্থানে ফিরেছিলেন।

—

১৯০৯ খৃষ্টাব্দের অর্থাৎ ৪৫ বৎসর পূর্ব্বেকার জঙ্গিপুর উচ্চ ইংরাজী বিদ্যালয়ের সহকারী প্রধান-শিক্ষক



# শ্রীপ্রভাসচন্দ্র চট্টোপাধ্যায়

( তাঁহার জামাতা জঙ্গিপুর উচ্চ ইংরাজী বিদ্যালয়ের কৃতী ছাত্র এলাহাবাদ বিশ্ববিদ্যালয়ের অবসর-প্রাপ্ত দর্শনের অধ্যাপক, গদাইপুর গ্রামের গৌরব স্বনামধন্য শ্রীঅনুকূলচন্দ্র মুখোপাধ্যায় মহাশয়ের সৌজন্যে প্রাপ্ত আলোক চিত্র হইতে )

ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির রাজত্বকালে মুর্শিদাবাদ জেলার কাগ্রাম (কাগাঁ) তখন বর্দ্ধমান জেলার কাটোয়ার অন্তর্গত ছিল। সেই সময় উক্ত গ্রাম নিবাসী ৺পরেশনাথ চট্টোপাধ্যায় মহাশয় তীর্থ-দর্শন-মানসে নৌকাযোগে ৺প্রয়াগধামে গমন করেন। বড় বড় নগরে তখন এক একজন কলেক্টরের উপর শাসন-ভার এবং তাঁহাদের হস্তে যথেষ্ট ক্ষমতা অর্পিত হইয়াছিল। বাঙ্গালীর বুদ্ধি ও যোগ্যতার উপর তাঁহাদের খুব বিশ্বাস ছিল। ৺পরেশনাথ চট্টোপাধ্যায় মহাশয় তীর্থদর্শনে আসিয়াই ৺প্রয়াগধামে কালেক্টরীতে একটী পদে নিযুক্ত হইলেন। পরেশনাথ চট্টোপাধ্যায় মহাশয়ের তৃতীয় পুত্র ৺ভগবতীচরণ চট্টোপাধ্যায়। শ্রীপ্রভাসচন্দ্র চট্টোপাধ্যায় তাঁহারই একমাত্র পুত্র। প্রভাসচন্দ্রের মাতৃদেবী স্বর্গীয়া জগত্তারিণী দেবী খড়দহ গ্রামের ৺রামকমল মুখোপাধ্যায় মহাশয়ের কনিষ্ঠা কন্যা। মুখোপাধ্যায় মহাশয় স্থায়ীভাবে ৺কাশীধামে বাস করিয়াছিলেন। ১৮৭২ খৃষ্টাব্দে শ্রীপ্রভাসচন্দ্র মাতুলালয়ে ভূমিষ্ঠ হন।

দশ বৎসর বয়স পর্য্যন্ত প্রভাসচন্দ্রের স্বাস্থ্য অত্যন্ত খারাপ থাকায় শৈশবে পড়াশুনার খুব ব্যাঘাত ঘটে। তাহার পর দৈব কৃপায় তাঁহার স্বাস্থ্যের উন্নতি হয় এবং পড়াশোনাও ঠিক চলিতে থাকে। প্রভাসচন্দ্রের পিতৃদেব ৺ভগবতী চট্টোপাধ্যায় মহাশয় রেলওয়ে বিভাগে কর্ম্ম গ্রহণ করায় তাঁহাকে নানা ষ্টেশনে বদলী হইতে হইত। তজ্জন্য প্রভাসচন্দ্রকে নানা স্থানের নানা স্কুলে পড়িতে হইয়াছিল। ভিন্ন ভিন্ন স্কুলের পাঠ্যাদি বিভিন্ন রকম হওয়ায় তাঁহাকে নানাপ্রকার অসুবিধাভোগ করিতে হইয়াছিল। অবশেষে ১৮৯০ খৃষ্টাব্দে শিবপুর হাই স্কুল হইতে প্রভাসচন্দ্র এণ্ট্রান্স পরীক্ষায় উত্তীর্ণ হন। পরীক্ষা দিবার কিছুদিন পূর্ব্বে তাঁহার মাতৃদেবী ৺গঙ্গা লাভ করেন। ইহার কয়েক মাস পূর্ব্বে শিবপুর সানাপাড়ার ৺তারকনাথ চট্টোপাধ্যায়ের দৌহিত্রীর সহিত প্রভাসচন্দ্রের বিবাহ হয়।

পরীক্ষার পরই তিনি "বেনারস কুইন্স কলেজে" ফাষ্ট ইয়ার ক্লাসে ভর্ত্তি হইলেন। এই কলেজ হইতে ১৮৯৬ খৃষ্টাব্দে বি-এ পরীক্ষায় উত্তীর্ণ হইয়া কিছুকাল আইন পড়িবার জন্য চেষ্টা করিয়া বিফলমনোরথ হইয়া ১৯০০ খৃষ্টাব্দে লক্ষ্ণৌ ট্রেনিং কলেজে যান, কিন্তু শীঘ্রই পিতৃদেবের আদেশক্রমে, তাঁহাকে **নেপাল দরবার স্কুলে** শিক্ষকরূপে গমন করিতে হয়। নেপালে ৭ বৎসর শিক্ষকতা করিয়া পিতার আজ্ঞানুসারে সুদূর নেপাল হইতে বাঙ্গলায় আসিয়া জঙ্গিপুর হাই স্কুলে, সহকারী প্রধান শিক্ষকের পদে নিযুক্ত হন। তখন জঙ্গিপুর হাই স্কুলের হেড মাষ্টার ছিলেন হুগলী জেলার শেয়াখালা নিবাসী শ্রীঅবিনাশ চন্দ্র মুখোপাধ্যায়। তারপর হেডমাষ্টার নিযুক্ত হন শ্রীবিহারীলাল চক্রবর্ত্তী। এই জঙ্গিপুর স্কুলে থাকাকালীন প্রভাসচন্দ্র তাঁহার স্কুলের মেধাবী ছাত্র গদাইপুর নিবাসী শ্রীঅনুকূলচন্দ্র মুখোপাধ্যায়ের করে অর্পণ করেন তাঁহার জ্যেষ্ঠা কন্যাকে। আজ অনুকূলচন্দ্র পাশ্চাত্ত্য জগতের দার্শনিকগণেরও সুপরিচিত।

রঘুনাথগঞ্জ থানার দক্ষিণ দিকে দুটি বাড়ির পর আজকাল রঘুনাথ সাহা যে বাড়ির মালিক শ্রীপ্রভাস বাবু সেই বাড়ির পশ্চিম অংশে সপরিবারে বাস করিতেন। জঙ্গিপুরের জলবায়ু তাঁহার পক্ষে অনুকূল না হওয়ায় তিনি বেনারস সেণ্ট্রাল হিন্দু স্কুলে সহকারী শিক্ষকরূপে প্রবেশ করেন। ১৯১৪ খৃষ্টাব্দে তাঁহার সহধর্ম্মিণী পতি-পুত্র-কন্যা-জামাতা রাখিয়া বাঞ্ছিতধামে গমন করেন। উক্ত বিদ্যালয়ে ২৫ বৎসর অধ্যাপনার পর প্রভাস বাবু ১৯৩৫ খৃষ্টাব্দে বেনারস সেণ্ট্রাল হিন্দু স্কুলে অধ্যাপনা করিবার সময়েই ১৯২৮ খৃষ্টাব্দে কতিপয় বিদ্বজ্জনের সহযোগিতায় "বেনারস এডুকেশন সোসাইটি" নামক একটি সমিতি স্থাপন করেন। উক্ত সমিতি দুঃস্থ বালকদিগের জন্য একটি নূতন ধরণের বিদ্যালয় সংস্থাপন করেন। তাহাতে বালকগণকে অর্দ্ধবেতনে বা বিনাবেতনে প্রাথমিক শিক্ষার সঙ্গে, চরকায় সূতা কাটা, বইবাঁধা দপ্তরীর কাজ, সেলাইএর কাজ, ছুতোরের কাজ, পশুপালন ও কৃষিবিদ্যা শিক্ষা দিয়া ছাত্রগণকে স্বাধীনভাবে জীবিকা অর্জ্জনের শিক্ষার ব্যবস্থা করা হইয়াছিল। শিক্ষকগণও এই মহৎ কার্য্যের উপযোগিতা উপলব্ধি করিয়া আনন্দের সহিত অবৈতনিকভাবে অধ্যাপনা করিতেন। রিপন কলেজের ভূতপূর্ব্ব অধ্যাপক সুবক্তা শ্রীঅতুলচন্দ্র সেন এম-এ প্রমুখ মহোদয়গণও সর্ব্ববিষয়ে উদ্যোগী হইয়া সর্ব্বসাধারণকে এই নূতন ধরণের বিদ্যালয়ের উপকারিতা বুঝাইয়া দেন। কেরাণীকুল সৃষ্টির জন্য বাধ্য হইবার ভয়ে তিনি সরকারী সাহায্য গ্রহণের বিরোধী ছিলেন এবং স্বাধীনভাবে পঠন-পাঠনে যাহাতে বাধাপ্রাপ্ত না হন, তজ্জন্য জনসাধারণের সহানুভূতি ও সাহায্যের উপর নির্ভর করিয়াছিলেন। প্রভাসচন্দ্রের স্বাস্থ্য অতিরিক্ত পরিশ্রমের জন্য ক্রমশঃ ভাঙ্গিয়া গেল। কার্য্য হইতে অবসর লইয়া তাঁহাকে স্থানান্তরে যাইতে হইল। বর্ত্তমান সময়ে স্কুলের আদর্শ অনেক পরিবর্ত্তিত হইয়াছে। অবৈতনিক শিক্ষক আর নাই, এই দুর্দ্দিনে অবৈতনিক শিক্ষক পাওয়া সম্ভবপরও নহে।

প্রভাসচন্দ্র ছাত্রগণকে পশু-পালন ও কৃষিবিষয়ে শিক্ষাদানের উদ্দেশ্যে অসিধামে আন্দাজ দশ কাঠা জমি খরিদ করেন। কার্য্য হইতে অবসর লওয়ায় জন্য এই মনোরথ পূর্ণ হয় নাই। স্বাস্থ্যোন্নতির জন্য

স্বয়ং তাঁহাকেই এইখানে থাকিতে হইল। প্রভাসচন্দ্রের একমাত্র পুত্র গোয়ালিয়রে থাকেন। ৪টী পৌত্র ও ৩টী পৌত্রী। প্রভাসচন্দ্রের দুই কন্যা। দৌহিত্র ও দৌহিত্রী ১৪টী।

ভগবদিচ্ছায় প্রভাসচন্দ্রের স্বাস্থ্যোন্নতির সঙ্গে শ্রীশ্রীহরিবাবার আশ্বাসবাক্য তাঁহার পথপ্রদর্শনের সহায় হইয়াছে। এই মহাপুরুষ তাঁহাকে বলিয়াছেন—৺বিশ্বনাথ বাবার দরবারে আসিয়াও এত চিন্তাকুল কেন থাক? পরম দয়ালু শ্রীকাশীনাথের এই অবিমুক্ত ক্ষেত্র তুমি ত্যাগ করিও না, গঙ্গাস্নান করিবে, গঙ্গোদক পান করিবে, যোগবাশিষ্ট রামায়ণ ও গীতা পাঠ করিবে এবং সংকল্প বিকল্প ত্যাগ কর।

প্রভাসচন্দ্রের পূর্ব্ব পরিচিত বন্ধু, ছাত্র বা স্বজন তাঁহার বর্ত্তমান আকৃতি দেখিয়া কেহই চিনিতে পারেন কি না সন্দেহ। তাঁহার বর্ত্তমান বয়স ৮২ বৎসর। তিনি শৈশবেই বিদ্যাভ্যাস করিয়া, যৌবনে গার্হস্থ্য ধর্ম্ম প্রতিপালন করেন, বার্দ্ধক্যে মুনিবৃত্তি অবলম্বন করতঃ যোগারূঢ় অবস্থায় তনুত্যাগের জন্য প্রস্তুত হইতেছেন। আমরা তাঁহার উদ্দেশে সশ্রদ্ধ প্রণতি জ্ঞাপন করিতেছি।

## একটি বালিকার পত্রের উত্তর

কল্যাণীয়া কল্যাণী,

তোমার পত্র পেয়েছি। পত্রে তোমার নাম আছে, কিন্তু ঠিকানা নাই। ডাকঘরের মোহরও পড়া যায় না। কাজেই পত্রের উত্তর পত্রে দেওয়া গেল না। তোমার পত্রে বুঝলাম, বাবা, 'জঙ্গিপুর সংবাদে'র গ্রাহক, তাই আমার উত্তর কাগজেই দিতে বাধ্য হলাম। তোমার দ্বারা বাবা যে কাগজ চেয়ে পাঠিয়েছেন, তা আমাদের নয়, তবুও কিন্‌তে চেষ্টা ক'রে পাইনি। রাগ ক'রোনা—তোমারই মত একটি ছোট্ট মেয়ে তার মাসী-মাকে কলকাতায় চিঠি লিখে তার শিরোনামায় লিখেছিল—

মাসীমাতা

কলিকাতা

চিঠি কলিকাতায় গিয়েছিল, কিন্তু মাসী-মা সে চিঠি পান নি।

তুমি লিখেছ কোথায় মূর্দ্ধণ্য ণ হয় তা কি ক'রে জানা যাবে, তাই তোমাকে শিখিয়ে দিতে হবে। লক্ষ্মী মেয়ে! জঙ্গিপুর সংবাদ দুই সপ্তাহ বন্ধ থাকবে যেদিন খুলবে, যদি পারি, কাগজেই দেখতে পাবে কোথায় কোথায় ণ হয়। যেদিন কাগজ বাহির হবে, সেদিন তোমার মত ছোট ছোট ছেলেমেয়েরা যাতে শিখতে পারে তার ছড়া করে দিব। আজ সামান্য একটু শিখে রাখো। তোমার নাম কল্যাণী কেন মূর্দ্ধণ্য ণ হলো সেদিন শিখবে।

ঋ, র, পেটকাটা ষ এর পরে যে 'ন' থাকে—
কচ্ করে তার কাটবে মাথা
কোন্ বাপে তায় রাখে!

ণ এর মাত্রা থাকে না। ন এর মাথা কাটলেই ণ হয়।

ট, ঠ, ড, ঢ এর আগে—
মূর্দ্ধণ্য ণ সদাই লাগে।

## খাদ্যশস্য লাইসেন্স সংক্রান্ত ফি হ্রাস

অনেকে খাদ্যশস্য সংক্রান্ত ফি সম্বন্ধে জানিতে চাহেন তাঁহাদের জন্য কলিকাতা, ১০ই সেপ্টেম্বর ১৯৫৪ বেলা ১টা ৩০ মিনিটের প্রকাশিত পশ্চিমবঙ্গ সরকারের প্রেসনোট পুনর্মুদ্রিত হইল।

১৯৫২ সালের খাদ্যশস্য (লাইসেন্স ও সংগ্রহ) আদেশ অনুসারে লাইসেন্স মঞ্জুর ও পাল্‌টান এবং রেহাই প্রমাণপত্রের জন্য দেয় ফি অব্যবহিতকাল হইতে নিম্নলিখিতরূপে হ্রাস করা হইয়াছে:—

(ক) লাইসেন্স মঞ্জুর সম্বন্ধীয় ফি ৩ টাকা

(খ) লাইসেন্স পাল্‌টানর ফি ১ টাকা

(গ) লাইসেন্সের নকল লওয়ার ফি ২ টাকা

(ঘ) রেহাই প্রমাণ-পত্র পাওয়ার ফি ৩ টাকা।

## সরকারী বিজ্ঞপ্তি

অবর জেলা-শাসক ও সমাহর্ত্তা, মুর্শিদাবাদ, বহরমপুর যথাক্রমে (১) ৭৫ টাকা ও (২) ৫০ টাকা মাসিক দক্ষিণায় (১) দেওয়ানী ও (২) ফৌজদারী সরকারী উকিলের পদের জন্য এই জেলার আইন ব্যবসায়ে লিপ্ত আইনজীবীদের নিকট হইতে আবেদন আহ্বান করিতেছেন। বয়স, যোগ্যতাদি ও যতদিন আইন ব্যবসায় করিতেছেন তাহার উল্লেখসহ আবেদন ১৯৫৪ সালের ২২শে নভেম্বরের ভিতর অবশ্যই পৌঁছা চাই। প্রশংসাপত্র, সার্টিফিকেট ও প্রার্থী অন্যান্য যেসব কাগজপত্র দাখিল করিতে চান তাহার প্রমাণিত নকলসহ বয়সের প্রমাণস্বরূপ দলিলপত্র সকল ক্ষেত্রেই দাখিল করিতে হইবে।

## NOTICE.

Applications are invited from the intending candidates for re-settlement of the C. S. shop at Murshidabad in Lalbagh circle of this district.

Applications should reach the undersigned on or before 24th November, 1954 and must have a court fee stamp of annas twelve affixed on it.

Candidates must be solvent.

Further particulars will be available in Excise Office, Berhampore.

Sd. G. Halder,
For Collector of Murshidabad.

## আমাদের জানা যাঁহারা কালের আহ্বানে মহাযাত্রা করিলেন

(১)

কাঞ্চনতলা উচ্চ বিদ্যালয়ের সংস্কৃত শিক্ষক সদা-হাস্যবদন, শিশুস্বভাব, অজাতশত্রু, ব্রাহ্মণ-গুণসম্পন্ন পণ্ডিত মণীন্দ্রনাথ ভট্টাচার্য্য মহাশয় গত রবিবার স্বজন, ছাত্রগণ সমস্ত শিক্ষকগণ এবং জমিদার শ্রীসমরেন্দ্র রায় মহাশয়ের সমস্ত যত্ন, চিকিৎসকগণের সমস্ত নৈপুণ্য ব্যর্থ করিয়া, পুত্রকন্যাগণ ও পত্নীকে শোকসাগরে ভাসাইয়া সাধনোচিত ধামে গমন করিয়াছেন।

(২)

বার্দ্ধক্যজনিত অক্ষমতা ও অসুস্থতা জন্য অবসর গ্রহণে বাধ্য জঙ্গিপুর বারের প্রবীণ উকীল শ্রীশরৎচন্দ্র মুখোপাধ্যায় মহাশয়ের অন্ধের যষ্টির মত পুত্র শ্রীমান্ উমাপতি (বজু) দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হইয়া প্রতিবেশী প্রাণগোপাল বাবু ও কাকীমা (শ্রীপ্রসন্নকুমার মুখোপাধ্যায়ের পত্নী) এর সঙ্গে গিয়া কলিকাতা মেডিক্যাল কলেজে চিকিৎসার জন্য ভর্ত্তি হইয়াছিলেন। গত সোমবার মেডিক্যাল কলেজ হাসপাতালেই শেষ নিঃশ্বাস ত্যাগ করিয়াছেন।

উমাপতি স্থবির পিতা, পত্নী, দুই পুত্র, দুই কন্যা রাখিয়া গিয়াছেন। খুল্লতাত শ্রীপ্রসন্ন বাবুকে ঘোরতর পরীক্ষার সম্মুখীন হইতে হইল।

(৩)

জঙ্গিপুর মিউনিসিপালিটির গুজিরপুরের মৎস্য-ব্যবসায়ী শ্রীনকুলচন্দ্র হালদারের সঙ্গে দেখা হ'লেই এক গাল হেসে প্রণাম করতেন। এক কন্যা ও পত্নী রাখিয়া তিন মাস রোগ ভোগের পর গত সোমবার পরলোক গমন করিয়াছেন। কন্যাটিকে বাড়ির নিকটেই বিবাহ দিয়া স্ত্রীর সান্ত্বনার উপায় করিয়া গিয়াছেন। একটি বিধবার দুটি অন্নের আধার সামান্য জমিও রাখিয়া গিয়াছেন।

(৪)

রঘুনাথগঞ্জ নিবাসী শ্রীঅমিয়মোহন রায় স্বনামধন্য ৺কৃষ্ণবল্লভ রায় মহাশয়ের পৌত্র। গত দুই বৎসর হইতে তাঁহাকে যে দুঃসময়ের সম্মুখীন হইতে হইতেছে, তাহা অন্যের অনুভব করার অতীত। গত বৎসর অমিয় বাবুর কনিষ্ঠ গৌরাঙ্গবল্লভ (গোরা) সন্তানসম্ভবা পত্নী ও চারিটি শিশু পুত্র জ্যেষ্ঠের করে অর্পণ ক'রে মহাযাত্রা করলেন, যথাসময়ে আর একটী শিশুপুত্র ভূমিষ্ঠ হইলে তাহার নাম রাখা হইল জগৎ-বল্লভ। গতকল্য মঙ্গলবার অমিয়বাবুর সহধর্ম্মিণী অনেক দিন জটিল ব্যাধিতে ভুগিয়া শাঁখাসিন্দুর শোভিতা হইয়া সধবার কাম্যধামে গমন করিলেন। স্বামীকে দিয়ে গেলেন একটি বিবাহিতা ও একটি কুমারী কন্যা ও তিনটি পুত্র। অমিয় বাবুকে দেখিলে অনেক শোকার্ত্তের সান্ত্বনা হয়। অমিয় বাবু ঠিক যেন দৈন্য-বিজয়ী সৈন্য। ভোরে উঠে এতগুলি প্রাণীর মুখের আহার সংগ্রহে ব্যস্ত। যিনি দেখা করতে যান তাঁকেই বলেন—ছোট বউ-মার এই ঝামেলা সইবার ক্ষমতা আর আমার সব দুঃখ সইবার ক্ষমতা হউক এই আশীর্ব্বাদ করুন। মধ্যম ভাই শ্রীমান্ অনিল আছে, তারও স্বাস্থ্য ভাল থাক এই আশীর্ব্বাদ করুন।

---

## শারদীয়া পূজার প্রাপ্য ছুটি

এই সংখ্যা "জঙ্গিপুর সংবাদ" প্রকাশ করিয়া আমরা আমাদের পূর্ব্ব প্রার্থনামত দুই সপ্তাহের অবকাশ গ্রহণ করিব। "জঙ্গিপুর সংবাদ" দুই সপ্তাহ বন্ধ থাকিয়া ১লা ডিসেম্বর বাহির হইবে।

---

# হাম্‌তো কম্‌লী ছোড় দিয়া

## লেকেন্ কম্‌লী ছোড়্‌তা নেহি



বড় দাদা ধ'রে
মারিয়াছে মোরে
রাগ হল বড় মনে।
ফৌজদারী কোর্টে
মামলা করিনু
যুঝিতে দাদার সনে।

ধান্য বেচিয়া
টাকা নিয়ে গিয়া
লাগাইনু মোক্তার।
আমা চেয়ে দেখি
দাদার উপরে
বড় বেশী রোখ তার।

গ্রামবাসী মিলে
মিটাইয়ে দিলে,
ক্ষমিনু দাদার দোষ,

মামলার দিনে
মোক্তারেকহিনু
মামলা হলো আপোষ।

শুনি বাবু মোরে
বলিলেন রাগি
করিলি কি বেটা পাজি।
মামলা কখন
মিটে কিরে বেটা
আমারে না করি রাজি।

ভাই চেয়ে বাড়া
ভাড়া করা ভাই
সদা করে দেহি দেহি।
হাম্‌তো কম্‌লী
ছোড় দিয়া লেকেন্
কম্‌লী ছোড়্‌তা নেহি।

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## নিলামের দিন ১৩ই ডিসেম্বর ১৯৫৪

### ১৯৫৩ সালের ডিক্রীজারী

৫৫৩ থাং ডিঃ অমানো বর্ম্মণ্যা দেং জগবন্ধু পাল দিং দাবি ১৮॥/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে নশিপুর ৬-৬৭ শতকের কাত নিজাংশে ১৩৸১১ আঃ ১০৲ থং ৫৮

### ১৯৫৪ সালের ডিক্রীজারী

৫১৬ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং উসমান সেখ দাবি ১৫৸/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে এনায়েতনগর ১১ শতকের কাত ১৶০ আঃ ১০৲ থং ১৩

৫১৮ থাং ডিঃ ঐ দেং সুধাংশুশেখর রায় দাবি ৩৬৷৬ থানা ঐ মৌজে আলমপুর ১-৬৯ শতকের কাত ৪৸৶৩ আঃ ২০৲ থং ৩৫৭

৫১৯ থাং ডিঃ অমানো বর্ম্মণ্যা দেং শ্যামাপদ রায় দিং দাবি ৪৩৷৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে নশিপুর ২-৮০ শতকের কাত ৫৵১০ আঃ ১০৲ থং ২৪৭

৫২০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৫৸৵৬ মৌজাদি ঐ ২-৯১ শতকের কাত ৬॥৶৫ আঃ ১০৲ থং ২৪৬

৫২১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৬॥৶০ মৌজাদি ঐ ৮৬ শতকের কাত ৩৸৪ আঃ ১০৲ থং ২৪৮

৫২২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৩৸৬ থানা ঐ মৌজে চক কুতুবপুর ৩-৬৫ শতকের কাত ৬৸৵৬ আঃ ১০৲ থং ৬২

৫২৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৭৩৸৬ মৌজাদি ঐ ৬-১৮ শতকের কাত ১৩॥৵১১ আঃ ১০৲ থং ১৫৫

৫২৩ থাং ডিঃ ঐ দেং সরলাসুন্দরী বর্ম্মণ্যা দিং দাবি ৩০৸৬ থানা ঐ মৌজে কুতুবপুর ২-১৩ শতকের কাত ৩/৬ আঃ ১০৲ থং ১১১

৫৫০ থাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং মোহিনীমোহন ঘোষ দিং দাবি ২৯৸৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে জোতকমল ৩-৬২ শতকের কাত ৬৶২ আঃ ২৫৲ থং ২৭৭ ও অধীন থং নং ২৭৮ হইতে ২৮০

৫৫৪ থাং ডিঃ ঐ দেং সোলেমান মণ্ডল দাবি ১৩৸৵৩ থানা ঐ মৌজে হরিশপুর ৮১৷/০ কাঠার কাত ৸৵০ আঃ ১৫৲ থং ৪৬১৷৬৭১

৫৫৫ থাং ডিঃ ঐ দেং জিয়ারুদ্দিন মণ্ডল দাবি ১৬৷৶৬ থানা ঐ মৌজে পাইকড়া ১-১৭ শতকের কাত ৫৲ আঃ ১৫৲ থং ২৮১

৫৯৯ থাং ডিঃ ঐ দেং ঢুলু তেওয়ারী ওরফে বিভূতিভূষণ তেওয়ারী দিং দাবি ১৯০॥৯ থানা ঐ মৌজে পিরোজপুর ১১-৫৩ শতকের কাত ২৫৷/৪ আঃ ১৮০৲ থং ৩৬৫৷৩৬৬ হইতে ৩৬৮

৫৪৮ থাং ডিঃ ঐ দেং পুলিনচন্দ্র রায় দিং দাবি ২৭৸৵০ থানা সুতি মৌজে নয়াবাহাদুরপুর ১-৫১ শতকের কাত ৩৸/০ আঃ ২০৲ থং৩১৭৷৩১৮৷৩১৯

৫৫৩ থাং ডিঃ ঐ দেং আরসাদ আলি বিশ্বাস দিং দাবি ৩৯৸৶০ মৌজাদি ঐ ৮২ শতকের কাত ৩৻৬ আঃ ১৫৲ থং ৪৫৩

৫৪৯ থাং ডিঃ ঐ দেং মণীন্দ্রনারায়ণ চৌধুরী দিং দাবি ৪৭৻৬ থানা ঐ মৌজে শ্যামপুর ২-৩১ শতকের কাত ৯৶৯ আঃ ৩৫৲ থং ৯৭

৫৫১ থাং ডিঃ ঐ দেং শ্রীশচন্দ্র দাস দিং দাবি ১৭৶৯ থানা ঐ মৌজে চকমেঘবান ১৷১॥৵০ কাঠার কাত ১৷/৯ আঃ ১০৲ থং ৯

৫৫২ থাং ডিঃ ঐ দেং সফাতুল্লা মণ্ডল দিং দাবি ১৬৶৯ থানা ঐ মৌজে ইসলামপুর ১৩ শতকের কাত ১৵৩ আঃ ৫৲ থং ১০৬

২১৮ থাং ডিঃ সেবাইত রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং সীতানাথ সরকার দিং দাবি ৭২৷৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে গিরিয়া ৩-৫৸০ শতকের কাত ৭৷২ আঃ ২৫৲ থং ১০১৭

৫২৮ থাং ডিঃ তুলসীদাস মজুমদার দেং রসিকলাল মণ্ডল দিং দাবি ৩৬৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে আরাজি কাটনাই ১-৯২ শতকের কাত ৭৲ আঃ ২৫৲ থং ১১৪

৫২৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৯৸/৬ মৌজাদি ঐ ১-০৮ শতকের কাত ৫৲ আঃ ২০৲ থং ১১৩

২৩ অন্য ডিঃ গৌরীশঙ্কর সিংহ দেং শ্রীরাম ঘোষ দাবি ৬৩/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে ধলো ৪৫ শতকের কাত ২৵০ আঃ ৪৩৲ থং ২১৪

৪৩৩ থাং ডিঃ শ্যামাচরণ নাথ দিং দেং ভোলানাথ সাহা দিং দাবি ৩৬৷৭ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ২ শতকের কাত ৩॥/৭ আঃ ৫৲ থং ৭০৪ স্বত্ব দখলকার

৪৩৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৭৶৩ মৌজাদি ঐ ৩ শতকের কাত ৫৷৭ আঃ ৫৲ থং ৭০৫ ঐ স্বত্ব

৪৩৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৭৸৶৬ মৌজাদি ঐ ২ শতকের কাত ৫॥০ আঃ ৫৲ থং ৭০৬ ঐ স্বত্ব

৪৪২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩২৶৯ মৌজাদি ঐ ২ শতকের কাত ৫৲ আঃ ৫৲ থং ৭১৩ ঐ স্বত্ব

৪৪৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৭৷/৩ মৌজাদি ঐ ২ শতকের কাত ২৸০ আঃ ৫৲ থং ৭১৪ ঐ স্বত্ব

৪৩৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩১৻৩ মৌজাদি ঐ ২ শতকের কাত ৩৸১০ আঃ ৫৲ থং ৭০৭ দখলকার চান্দিনা স্বত্ব

৪৩৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩১॥০ মৌজাদি ঐ ১ শতকের কাত ৩৸৶২ আঃ ৫৲ থং ৭০৮ ঐ স্বত্ব

৪৩৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৯॥৶৯ মৌজাদি ঐ ১ শতকের কাত ৩৷/৭ আঃ ৫৲ থং ৭০৯ ঐ স্বত্ব

৪৩৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩০৷/৬ মৌজাদি ঐ ১ শতকের কাত ৩॥/৭ আঃ ৫৲ থং ৭১০ ঐ স্বত্ব

৪৪০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৮৶৬ মৌজাদি ঐ ১ শতকের কাত ৩৲ আঃ ৫৲ থং ৭১১ ঐ স্বত্ব

৪৪১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৭৸৵৩ মৌজাদি ঐ ২ শতকের কাত ২৸৵৫ আঃ ৫৲ থং ৭১২ রায়ত স্থিতিবান স্বত্ব

৪৫৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৫৷/৬ থানা ঐ মৌজে জঙ্গিপুর অন্তর্গত শ্রীপুর ১ শতকের কাত ৪॥/৭ আঃ ১০৲ থং ১৭৫৩ দখলকার স্বত্ব

৪৬০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩০৸৶৬ মৌজাদি ঐ ২ শতকের কাত ৪॥০ আঃ ১০৲ থং ১৭৫৫ দখলকার দোকান চিরস্থায়ী স্বত্ব

৪৬১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩২॥৶০ মৌজাদি ঐ ৩ শতকের কাত ৫৲ আঃ ১০৲ থং ১৭৫৬ ঐ স্বত্ব

৪৬২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩২॥৶০ মৌজাদি ঐ ২ শতকের কাত ৫৲ আঃ ১০৲ থং ১৭৫৮ ঐ স্বত্ব

৪৬৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৩৵০ মৌজাদি ঐ ৪ শতকের কাত ১৩৲ আঃ ১৫৲ থং ১৭৫৯ ঐ স্বত্ব

৪৬৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৮॥/০ মৌজাদি ঐ ২ শতকের কাত ৩৸১০ আঃ ১০৲ থং ১৭৬০ ঐ স্বত্ব

৪৬৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪॥৶০ মৌজাদি ঐ ২ শতকের কাত ৵৪ আঃ ৫৲ থং ১৭৫৭ ঐ স্বত্ব

৪৬৬ থাং ডিঃ উমানাথ সিংহ দিং দেং জগবন্ধু পাল দিং দাবি ২৮৷৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে ধলো ১৩ শতকের কাত ॥৵৯ আঃ ৫৲ থং ১৯৯ রায়ত স্থিতিবান স্বত্ব

৫৮৮ থাং ডিঃ আইজানন্নেসা বিবি দেং শ্যামাপদ সাহা দাবি ১১১৷৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে প্রসাদপুর ৩-৩৫ শতকের কাত ১৮৷৩ আঃ ৯০৲ স্থিতিবান স্বত্ব

৩৭০ থাং ডিঃ নারায়ণচন্দ্র মুখোপাধ্যায় দিং দেং সুকুমার দত্ত দিং দাবি ৫০॥৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুলড়ী ২-৯৪ শতকের কাত ১২৻৬ আঃ ২৫৲ থং ৩৬৭

৪২০ থাং ডিঃ বাঁশরীমোহন সেন দিং দেং শীতল কুনাই দিং দাবি ১৫৮৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাড়ালা ৫ শতকের কাত ৮/৬ আঃ ১০৲ খং ৯৯৭

৪৯১ থাং ডিঃ দ্বিজপদ চট্টোপাধ্যায় দেং কুমেদ কামিনী দেবী দাবি ১৪।৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ১০ শতকের কাত ১৵০ আঃ ১০৲ খং ৬৮৪

৫০৫ থাং ডিঃ কুমার চন্দ্র সিংহ দুধোরিয়া দিং দেং নবগোপাল ধর দিং দাবি ২৬/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ৬ শতকের কাত ২৲ আঃ ৪০৲ খং ১৬৬৫ স্বত্ব দখলকার

৫০৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৬৮৶৩ মৌজাদি ঐ ৩২ শতকের কাত ৪।৵০ আঃ ২০৲ খং ১৬৬৪ রায়ত স্থিতিবান স্বত্ব

৬০৭ থাং ডিঃ কমন ম্যানেজার রণেন্দ্রনারায়ণ বাগচী দেং কালীপ্রসন্ন সিংহ দিং দাবি ১৫৮॥৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাদীকোলা ১০-৪৫ শতকের কাত ২৫॥১১ আঃ ৫০৲ খং ১৯৮ রায়ত স্থিতিবান স্বত্ব

৬০৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩৩৶৯ মৌজাদি ঐ ৮-১৪ শতকের কাত ২১৵৬ আঃ ৫০৲ খং ২০৭ রায়ত স্থিতিবান স্বত্ব

৬০৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১০৭৮/০ মৌজাদি ঐ ৯-৮৭ শতকের কাত ১৬৮৶৩ আঃ ৪০৲ খং ২০৯ রায়ত স্থিতিবান স্বত্ব

২৮৩ থাং ডিঃ বিমলেন্দুনাথ সিংহ চৌধুরী দিং দেং কুমার চন্দ্র সিংহ দুধোরিয়া দিং দাবি ৭১৯॥/৯ থানা স্থতি মৌজে শ্যামপুর ২৪-২১ শতকের কাত ১১০৵০ আঃ ৫০৲ খং ৬১ অধীনস্থ খতিয়ান ৬২ মোকররী স্বত্ব

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

## নিলামের দিন ২০শে ডিসেম্বর ১৯৫৪

১৯৫৪ সালের ডিক্রীজারী

৩২৫ থাং ডিঃ বিমল সিংহ কুঠারী দেং শিবদাসী দাসী দিং দাবি ১৬৮৶৬ থানা সাগরদীঘি মৌজে খাড়ুগ্রাম ৯৮ শতকের কাত ০৮/৮ আঃ ৫৲ খং ৬৫

৩৩৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩।৶৩ মৌজাদি ঐ ১-৭১ শতকের কাত ১৮৶৬ আঃ ১০৲ খং ২৮৪

৩৪০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৭।/০ মৌজাদি ঐ ২-৩৪ শতকের কাত ২০॥৶৯ আঃ ১০৲ খং ২৮২

৩৪১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৭৮৩ মৌজাদি ঐ ২-২৪ শতকের কাত ১৩।৬ আঃ ১৫৲ খং ২১৯

৩৪২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৩৮/৬ মৌজাদি ঐ ৩-৬১ শতকের কাত ১৮৲ আঃ ১৫৲ খং ১৪০

৩৪৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১॥৯ মৌজাদি ঐ ২৪ শতকের কাত ১।/৩ আঃ ১০৲ খং ২৮৩

৩৫২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩।৬ মৌজাদি ঐ ৩৩ শতকের কাত ১৮/৩ আঃ ১০৲ খং ২৪৫

৩৫৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২॥৶৬ মৌজাদি ঐ ২৮ শতকের কাত ১।৵০ আঃ ৫৲ খং ২৮৩

৩৫৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪।৩ মৌজাদি ঐ ৬২ শতকের কাত ২॥৵১ আঃ ১০৲ খং ৭২

৩৫৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৭॥৶৯ মৌজাদি ঐ ১ ৭২ শতকের কাত ১২'/১ আঃ ১৫৲ খং ৬৮

৩৫৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৪৶৩ মৌজাদি ঐ ১-২৭ শতকের কাত ৭॥/৬ আঃ ১০৲ খং ৬৭

৩৩৬ থাং ডিঃ ঐ দেং কাশীসুন্দরী দাসী দিং দাবি ১৭॥৵৯ মৌজাদি ঐ ১-০৮ শতকের কাত ৬/৭ আঃ ১০৲ খং ৭৯

৩৩৭ থাং ডিঃ ঐ দেং রক্ষাদাস সাহা দিং দাবি ৫০৮৵০ মৌজাদি ঐ ১-২৭ শতকের কাত ৯॥/৩ আঃ ২৫৲ খং ২৫৭

৩৩৮ থাং ডিঃ ঐ দেং রমণীরঞ্জন সাহা দাবি ২১॥/৬ মৌজাদি ঐ ১-১৮ শতকের কাত ৯।৶৪ আঃ ১৫৲ খং ২৩২

৩৪৫ থাং ডিঃ ঐ দেং অনাদিনাথ চক্রবর্ত্তী দিং দাবি ১৬৶৯ মৌজাদি ঐ ৫৯ শতকের কাত ১৵০ আঃ ১০৲ খং ৩২৬

৩৪৬ থাং ডিঃ ঐ দেং শামমহম্মদ বিশ্বাস দিং দাবি ১৬৮/০ মৌজাদি ঐ ৪৯ শতকের কাত ২॥/৫ আঃ ১০৲ খং ৩১২

৩৩৮ থাং ডিঃ ঐ দেং ইনসান সেখ দিং দাবি ৪১॥৶৯ মৌজাদি ঐ ১-০৩ শতকের কাত ১৫॥০ আঃ ২৫৲ খ ৩২৩

৩৪৯ থাং ডিঃ ঐ দেং মঃ ইয়াদ হোসেন দিং দাবি ৫৶৬ মৌজাদি ঐ ১-০৬ শতকের কাত ১০৮৭ আঃ ৩০৲ খং ৩৫৫

৩৫০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬৮৶৩ মৌজাদি ঐ ৩-৬১ শতকের কাত ২৲ আঃ ১০৲ খং ২ অন্তর্গত

৩৫১ থাং ডিঃ ঐ দেং বিধুভূষণ চক্রবর্ত্তী দিং দাবি ১১॥৯ মৌজাদি ঐ ৩ শতকের কাত ॥৵৬ আঃ ৫৲ খং ২ অন্তর্গত

৩৫৬ থাং ডিঃ ঐ দেং গোষ্ঠবালা দাসী দাবি ২৯।৬ মৌজাদি ঐ ২-৩৩ শতকের কাত ১১।৵৮ আঃ ১৫৲ খং ১৬৯

৩৫৯ থাং ডিঃ ঐ দেং বদরালী ওরফে বদরুদ্দিন আহাম্মদ দিং দাবি ১৩/৬ মৌজাদি ঐ ৭ শতকের কাত ৮০ আঃ ৫৲ খং ১১১

৩৪৪ থাং ডিঃ ঐ দেং সন্তোষকুমার রায় দিং দাবি ৩৮॥৵০ থানা ঐ মৌজে ইমামনগর ৮৪ শতকের কাত ১॥৭॥০ সের চাউল আঃ ২৫৲ খং ৮৯

১৫৯ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং নারায়ণচন্দ্র কর্ম্মকার দাবি ১১৮৵৯ থানা ফরাক্কা মৌজে কুলী ৫ শতকের কাত ।৵০ আঃ ২৲ খং ৫৩৯ রায়ত স্থিতিবান

৩৬৩ থাং ডিঃ ঐ দেং বাহার আলী বিশ্বাস দিং দাবি ৪৫৵৯ থানা স্থতি মৌজে অনুপনগর ৭৮ শতকের কাত ৬/০ আঃ ১৫৲ খং ২২৩৪ রায়ত স্থিতিবান

৩৩১ থাং ডিঃ উমাচরণ দাস দিং দেং নিয়াজুদ্দিন সেখ দাবি ৪২৵০ থানা সাগরদীঘি মৌজে কান্তনগর ১-৬২ শতকের কাত ৫৮৶৯ আঃ ২৫৲ খং ৪৭৬

৩৩০ থাং ডিঃ ঐ দেং নিমাইচন্দ্র রায় দিং দাবি ১৪/৬ মৌজাদি ঐ ২২ শতকের কাত ৮৪ আঃ ৫৲ খং ৩৩৪

৩৩২ থাং ডিঃ ঐ দেং নাহু সেথ দিং দাবি ২৩।৶৯ মৌজাদি ঐ ৬০ শতকের কাত ২/৬ আঃ ৫৲ খং ১০৬


৩১৪ থাং ডিঃ রায় অনিলকুমার চট্টোপাধ্যায় বাহাদুর দিং দেং বঙ্ক মণ্ডল দিং দাবি ১৮।/৩ থানা সাগরদীঘি মৌজে চর মথুরাপুর ৩০ শতকের কাত ১৶০ আঃ ৫৲ খং ১০৯।৩১৫

৩১৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮/৯ মৌজাদি ঐ ৮ শতকের কাত ১৵৬ আঃ ৫৲ খং ২১৭

৩১৬ থাং ডিঃ ঐ দেং আবদুল সলিম সেথ দিং দাবি ৬৫।৯ মৌজাদি ঐ ২-৩৬ শতকের কাত ৯৮৩ আঃ ১৫৲ খং ১২০।২১৩।২৫৫।২৭২

৩১৭ থাং ডিঃ ঐ দেং এসাহাক সেথ দাবি ১৭।৩ মৌজাদি ঐ ৩৩ শতকের কাত ১।/৯ আঃ ৫৲ খং ২৮৭

৩১৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯॥৵০ মৌজাদি ঐ ৬৬ শতকের কাত ১৮৯ আঃ ৫৲ খং ৮০






**দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস**

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—**




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১/০ এক টাকা এক আনা।

সোল এজেণ্টঃ—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত

# জঙ্গিপুর সংবাদের ক্রোড়পত্র

২৪শে কার্ত্তিক বুধবার সন ১৩৬১ সাল।

---

## রঘুনাথগঞ্জ-ধুলিয়ান
## মোটর বাস সার্ভিস

সরকারী ছুটির দিন ব্যতীত প্রত্যহ সন্ধ্যার পূর্ব্বে রঘুনাথগঞ্জ হইতে ধুলিয়ান অভিমুখে মোটর গাড়ী যাইতেছে এবং সকালে আন্দাজ ৮॥০ ঘটিকার মধ্যে রঘুনাথগঞ্জ পৌছিতেছে। ইহাতে ধুলিয়ান অঞ্চলের যাত্রিগণের বিশেষ সুবিধা হইয়াছে।

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
## নিলামের দিন ২০শে ডিসেম্বর ১৯৫৪

১৯৫৩ সালের ডিক্রীজারী

৩১৯ থাং ডিঃ রায় অনিলকুমার চট্টোপাধ্যায় বাহাদুর দিং দেং এসাহাক সেখ দাবি ২২॥৴৬ থানা সাগরদীঘি মৌজে চর মথুরাপুর ৫১ শতকের কাত ২।৴৩ আঃ ৫৲ খঃ ২২

৩২২ থাং ডিঃ নরেশচন্দ্র বসু দেং ধুমা মাঝি দাবি ১৩॥৴৬ থানা সাগরদীঘি মৌজে কাঁচিয়া বিষ্ণুডাঙ্গা ২১ শতকের কাত ৶৵০ আঃ ৫৲ খং ৬।৭।৮

৩২৩ থাং ডিঃ ঐ দেং চরণ পাউরিয়া দাবি ৩৬৲৯ মৌজাদি ঐ ১-০৭ শতকের কাত ৫৴৩

৩২৪ থাং ডিঃ সেবাইত রাজা প্রতিভানাথ রায় দেং সেঃ মহান্ত রামদাস আউলিয়া দাবি ১৯৶৯ থানা সাগরদীঘি মৌজে বিনোদ ২-৯৮ শতকের সেস ॥৶৭ আঃ ১০৲ খং ৪ অধীনস্থ ৪২

৩২৫ থাং ডিঃ ঐ দেং মহান্ত রামদাস আউলিয়া দাবি ১৩৶৵৩ থানা ঐ মৌজে যাদবপুর ৩৫ শতকের সেস ।১০ আঃ ৫৲ খং ২৬ অধীনস্থ ৬০৯

৩২৬ থাং ডিঃ নেহালিয়া ট্রাষ্ট ষ্টেটের ট্রাষ্টিগণ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দিং দেং সুধীর কুমার ব্রহ্মচারী দাবি ২৬।৶০ থানা সাগরদীঘি মৌজে ঈশ্বরবাটী ১-৮৭ শতকের কাত ৪।০ আঃ ১০৲ খং ৭৫

[ অপর পৃষ্ঠে দেখুন।

৩২৭ থাং ডিঃ শকুন্তলা দেবী দেঃ দানেশ মহম্মদ মণ্ডল দিং দাবি ১৬৮৶/৩ থানা সাগরদীঘি মৌজে ঈশ্বরবাটী ৪-৫৬ শতকের কাত ৪৮৶/৯ আঃ ৫৲ খং ১৬

৩২৯ থাং ডিঃ ঐ দেং তারাপদ বন্দ্যোপাধ্যায় দিং দাবি ১৭/৯ থানা ঐ মৌজে চামুণ্ডা ১-৪১ শতকের কাত ৪৲ আঃ ৫৲ খং ৩১৩

৩২৮ থাং ডিঃ রাজবাই বর্ম্মণ্যা দেং মদন সরকারের ষ্টেটের একজিকিউট্রিক্স চারুশীলা দাসী দাবি ৭২৷৷০ থানা সাগরদীঘি মৌজে নওপাড়া ১৮-৬০ শতকের কাত ৪৭৲ আঃ ২০৲ খং ২০৭

৩১১ থাং ডিঃ সেবাইত মদনমোহন দাস মহান্ত দেং কাশেম সেখ দাবি ৪১।৶/৬ থানা সাগরদীঘি মৌজে মোড়গ্রাম ২-০১ শতকের কাত ৬/৬ আঃ ১০৲ খং ১১৮৩

২৭৯ থাং ডিঃ আইজানন্নেসা বিবি দেং হোসেন সেখ দিং দাবি ৩৫৷৷৶/৬ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ৮৪ শতকের কাত ৬৲৫ আঃ ৩০৲ খং ২২ রায়ত স্থিতিবান।

২৮৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৮৭।/০ মৌজাদি ঐ ৪-৬৬ শতকের কাত ৩০৶/০ আঃ ৬৫৲ খং ১১৮ রায়ত মোকররী।

২৮১ থাং ডিঃ ঐ দেং গোপালচন্দ্র চট্টোপাধ্যায় দাবি ৫৬৷৷০ থানা সাগরদীঘি মৌজে দক্ষিণগ্রাম ও উত্তর কালিকাপুর ১০-৪৯ শতকের কাত ৩৫৷৷০ আঃ ৪০৲ খং ২৪, ১৭ রায়ত স্থিতিবান।

২৮২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩৮/০ থানা ঐ মৌজে উদয়নগর ২-৮৯ শতকের কাত ১১।০ আঃ ১০৲ খং ৪১ রায়ত মোকররী।

২৮৪ থাং ডিঃ ঐ দেং আবদুল বারি দিং দাবি ৩৬৷৷/০ থানা ঐ মৌজে গাঙ্গাড্ডা ৯১ শতকের কাত ৫।০ আঃ ২৫৲ খং ১৪৬ রায়ত স্থিতিবান।

২৮৫ থাং ডিঃ ঐ দেং হাজি হসরতুল্লা সেখ দাবি ৪৩৮০ মৌজাদি ঐ ১-০১ শতকের কাত ৬৷৶/৯ আঃ ৩২৲ খং ২৬৫ রায়ত স্থিতিবান।

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।